

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

হাইড্রোকার্বন ইউনিট

১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

ফোনঃ ৮৩৯১০৭৫, ৮৩৯১০৮৫, ফ্যাক্সঃ ৮৩৯১১১৩ ই-মেইলঃ hcu@hcu.org.bd, ওয়েবঃ www.hcu.org.bd

বিষয়ঃ : হাইড্রোকার্বন ইউনিট এর আগস্ট/২০১৯ মাসের সমন্বয় সভার কার্যববরণী।

সভাপতি : এ এস এম মঞ্জুরুল কাদের
মহাপরিচালক (যুগ্ম সচিব)

তারিখ : ২২-০৮-২০১৯

সময় : বিকাল ৩: ০০ ঘটিকা

স্থান : মিনি কনফারেন্স রুম, হাইড্রোকার্বন ইউনিট

উপস্থিত সদস্য : ক) জনাব মেহেদী হাসান উপ- পরিচালক (পরিকল্পনা ও পিএসসি)
খ) জনাব শিহাব মাহমুদ, সহকারি পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন)
গ) জনাব দেবব্রত দাস, সহকারি পরিচালক (প্রশাসন ও হিসাব)

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মেহেদী হাসান উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২। গত ২৩-০৭-২০১৯ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও অন্যান্য প্রয়োজনীয় বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র নং	আলোচনা	সিদ্ধান্ত
০১	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(APA) প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(APA) সম্পাদন করা হয়েছে।বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) কিভাবে বাস্তবায়ন করা যায় সে ব্যাপারে আলোচনা হয়।	২০১৯-২০ অর্থ বছরের APA) তে ২০১৭-১৮ অর্থবছরের ন্যায় দৃষ্টান্ত সৃষ্টি করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে এপিএ সংক্রান্ত কার্যক্রম সফলভাবে বাস্তবায়ন করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।
০২	সেমিনার হাইড্রোকার্বন ইউনিটের উদ্যোগে পেট্রোবাংলার সহযোগিতায় পেট্রোবাংলার ড. হাবিবুর রহমান অডিটোরিয়ামে ৮ সেপ্টেম্বর ২০১৯ ইং তারিখে “বেসরকারি খাতে এলএনজি স্থাপনা নির্মাণ, আমদানি ও সরবরাহ নীতিমালা-২০১৯” শীর্ষক একটি Dissemination ” সেমিনারের বিষয়ে আলোচনা হয়।	সেমিনার সফল করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩	<p>বিদ্যুৎ সাশ্রয় অফিসের এসি, বৈদ্যুতিক ফ্যান, লাইট, বিদ্যুৎ, পানি ও জ্বালানি ইত্যাদির ব্যবহারে মিতব্যয়ী হওয়ার ব্যাপারে আলোচনা হয়। এছাড়াও অফিসের সম্পদ যেমনঃ গাড়ী, কম্পিউটার, ফ্যাক্স মেশিন, সার্ভার, ল্যাপটপ ইত্যাদি যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।</p>	<p>বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।</p>
০৪	<p>ই- নথি: জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের জুলাই/২০১৯ মাসের সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী অনলাইন নথি ব্যবস্থাপনা ও অন্যান্য কার্যক্রম সম্পাদনের জন্য সকল আইসিটি টিম গঠন ও ই- নথি সম্পাদনের পরিমাণ বৃদ্ধির ব্যাপারে আলোচনা হয়।</p>	<p>ই- নথিতে কাজের পরিমাণ বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়।</p>
০৫	<p>ওয়েবসাইট হালনাগাদ: জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের জুলাই/২০১৯ মাসের সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী হাইড্রোকার্বন ইউনিটের সম্পাদিত প্রকাশযোগ্য কার্যক্রম সন্নিবেশ করে ওয়েবসাইট হালনাগাদ করার বিষয়ে আলোচনা হয়।</p>	<p>ওয়েবসাইট হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p>
০৬	<p>আদালতে বিচারাধীন মামলা : জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের জুলাই/২০১৯ মাসের সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী হাইড্রোকার্বন ইউনিটে কোন মামলায় কোন আইনজীবী নিয়োগ করা হয়েছে,কতদিন ধরে পেন্ডিং আছে,পরবর্তী শুনানি কখন হতে পারে,সংশ্লিষ্ট কর্মকর্তা সঠিকভাবে দায়িত্ব পালন করছেন কিনা এসব বিষয় অবহিত করার জন্য সিদ্ধান্ত হয়।</p>	<p>আদালতে বিচারাধীন মামলা নিষ্পত্তি করার ব্যাপারে পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>
০৭	<p>অডিট আপত্তি : জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের জুলাই/২০১৯ মাসের সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট অডিট অফিসের সাথে যোগাযোগ করে জনবল ও লজিস্টিক সাপোর্টের মাধ্যমে অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির কার্যক্রম গ্রহণের ব্যাপারে আলোচনা হয়।</p>	<p>অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তি করার ব্যাপারে পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত

২২/০৮/২০১৯

এ এস এম মঞ্জুরুল কাদের
মহাপরিচালক (যুগ্ম সচিব),

হাইড্রোকାର্বন ইউনিট,
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।